

- ৩। কেহ বা হরি নাম সুধায়, তবু না হয় জ্ঞানের উদয়,
বাহুজ্ঞান নহিক হৃদয়,
মহাভাবে অচেতন ॥
- ৪। ঝেদ অশ্রু প্রলাপ লক্ষ্য,
ক্ষণেক করে বীরদম্ব,
ক্ষণেক হ'তেছে কম্প,
সঙ্গে সঙ্গে নাচে শমন ॥
- ৫। ওগো মহানন্দের প্রেম হিল্লোলে, প্রেম সিঙ্ঘুর জল উজান চলে,
আনন্দে প্রেম সলিলে,
সাঁতার খেলে ভক্তগণ ॥
- ৬। দয়াল গুরুচাঁদ গৌসাই,
গেলরে শমনের বড়ই,
ভবে এমন আর দেখি নাই,
ভবে এল গোলকের ধন ॥
- ৭। গোলক চাঁদের ছুঙ্কারে,
তুফান উঠলো মটকা ফুঁড়ে,
অখণ্ড ব্রহ্মান্ড নড়ে,
ডুবল সব পাষন্ডের গণ ॥
- ৮। কেউ করে হরিধ্বনি,
শুনিয়া সেই সিংহের ধ্বনি, ত্বরাসে পালায় কাল শমন ॥
- ৯। হরিচাঁদের প্রেম সাগরে,
ডেকে কয় উচ্চৈঃস্বরে,
তারকচাঁদ দাঁড়িয়ে তীরে,
ডুবল গৌসাই হীরামন ॥
- ১০। গোলকচাঁদ সাঁতার খেলে,
অশ্বিনী তুই রলি ভুলে,
মহানন্দ ডেকে বলে,
ডুবলি না জনমের মতন ॥

১৫৯ নং গান, তাল-ঠুংরী

তোরে বলব কি, মায়া তেঁতুল গাছে।

কোন সাহসে বাসা বেঁধে রলি ॥

- ১। ঐ দেখ কাল ব্যাধে শর হানিল, তবু না তোর ছশর হল।
(পাখিরে) এই সময় মন উড়ে চল, নইলে প্রাণ হারালি ॥
- ২। গুরু কল্প তরুমূলে, বাসা বাঁধ হরি বলে (পাখিরে)
তবে শঙ্কা নাই তোর কোন কালে, কালের ভয় এড়ালি ॥